

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘মৎস্য ও চিংড়ি সংক্রান্ত জাতীয় কমিটির নির্বাহী কমিটি’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

(১)	মন্ত্রী/প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সভাপতি
(২)	সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	সদস্য
(৩)	সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	সদস্য
(৪)	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	সদস্য
(৫)	সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(৬)	সচিব, খাদ্য মন্ত্রণালয়	সদস্য
(৭)	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	সদস্য
(৮)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৯)	সচিব, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(১০)	সচিব, শিল্প মন্ত্রণালয়	সদস্য

(১৯২৯৯)

মূল্য : টাকা ৮.০০

(১১)	সচিব, ভূমি মন্ত্রণালয়	সদস্য
(১২)	চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
(১৩)	ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো	সদস্য
(১৪)	ডীন, মৎস্য বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	সদস্য
(১৫)	প্রতিনিধি (অধ্যাপক), ডিপার্টমেন্ট অব ফিশারিজ এন্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি, খুলনা বিশ্ববিদ্যালয়	সদস্য
(১৬)	নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)	সদস্য
(১৭)	চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ	সদস্য
(১৮)	চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন করপোরেশন	সদস্য
(১৯)	মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর	সদস্য
(২০)	মহাপরিচালক, বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর	সদস্য
(২১)	মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর	সদস্য
(২২)	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর	সদস্য
(২৩)	প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক (জিএম পদমর্যাদার নিম্নে নয়)	সদস্য
(২৪)	প্রতিনিধি (সমুদ্র মৎস্য জরিপ বিশেষজ্ঞ), ইনস্টিটিউট অব মেরিন সাইন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়	সদস্য
(২৫)	মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	সদস্য
(২৬)	অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি	সদস্য
(২৭)	সভাপতি, বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি	সদস্য
(২৮)	সভাপতি, জাতীয় চিংড়ি চাষি সমিতি	সদস্য
(২৯)	সভাপতি, জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ	সদস্য
(৩০)	সভাপতি, মৎস্য ও চিংড়ি উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ সমিতি	সদস্য
(৩১)	মৎস্য ও চিংড়ি খাতে উৎপাদন/প্রক্রিয়াজাতকরণ/গবেষণা ইত্যাদি সংক্রান্ত আরো ২টি সমিতি/সংস্থা/এনজিও থেকে ২ জন সদস্য (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)	সদস্য
(৩২)	সভাপতি, বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিশ ফাউন্ডেশন	সদস্য
(৩৩)	মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর	সদস্য-সচিব

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

**(খ) কমিটির কার্যপরিধি :**

- (১) জাতীয় কমিটির জন্য এজেন্ডা প্রণয়ন;
- (২) মৎস্য ও চিংড়ি সম্পদ সংক্রান্ত উদ্ভূত সমস্যা নিরসনে সুপারিশ প্রণয়ন;
- (৩) মৎস্য ও চিংড়ি চাষ সংক্রান্ত ভূমি ও পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনে ভূমি ব্যবহার, পানি সম্পদ ব্যবস্থাপনা চিহ্নিতকরণ ও প্রতিকারের উপায়সমূহ নির্ধারণ;
- (৪) উপকূলীয় অঞ্চলের পোল্ডারভুক্ত জমিতে পানি উন্নয়ন বোর্ডের অবকাঠামোগত সুবিধাদি (বীধ, স্লুইস গেট/রেগুলেটর) ইত্যাদি ক্ষতিগ্রস্ত না করে পরিমিত উপায়ে লবণ পানি প্রবেশ ও নির্গমন নিশ্চিত করে মৎস্য ও চিংড়ি চাষের প্রতিবন্ধকতা দূরীকরণ;
- (৫) মৎস্য ও চিংড়ি চাষিগণকে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানের ব্যবস্থা করা সহ আকস্মিক বিপর্যয় থেকে রক্ষাকল্পে বিমা সুবিধা প্রাপ্তির ব্যবস্থা করার জন্য সুপারিশ প্রণয়ন;
- (৬) মৎস্য ও চিংড়ি চাষ, উৎপাদন, প্রক্রিয়াকরণ, মাননিয়ন্ত্রণ, জাহাজিকরণ, রপ্তানিকরণ ইত্যাদি বিষয় পর্যালোচনা, সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও প্রতিকারের ব্যবস্থাকরণ;
- (৭) জাতীয় রপ্তানিতে গুরুত্বপূর্ণ অবদান রাখায় রপ্তানি ভর্তুকির একটি অংশ উৎপাদক (চাষি) পর্যায়ে বিতরণের নীতিমালা প্রণয়ন;
- (৮) মৎস্য ও চিংড়ি চাষ এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও অবকাঠামোগত উন্নয়নের জন্য সুপারিশমালা প্রণয়ন ও মাঠ পর্যায়ে তা বাস্তবায়নের ব্যবস্থাকরণ;
- (৯) জাতীয় কমিটি কর্তৃক অনুমোদিত সুপারিশমালা বাস্তবায়ন সহ মৎস্য ও চিংড়ি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং
- (১০) সুনীল অর্থনীতি (Blue economy) উন্নয়ন বিষয়ে জাতীয় কমিটির নিকট সুপারিশমালা উত্থাপন এবং অনুমোদিত সুপারিশমালা বাস্তবায়ন।

- (গ) কমিটি তাদের কার্যপরিধিভুক্ত কোনো বিষয়ে অন্য কোনো মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর সংশ্লিষ্ট থাকলে সে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/সচিব/সংস্থা প্রধানকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।
- (ঘ) কমিটির নিকট কোনো বিষয়ে বিশেষজ্ঞ মতামতের প্রয়োজন অনুভূত হলে কমিটি, সরকারি/বেসরকারি পর্যায়ে বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাতে পারবে।
- (ঙ) নির্বাহী কমিটি প্রতি চার মাস অন্তর বৈঠকে মিলিত হবে; এছাড়া প্রয়োজনে যে কোনো সময় বৈঠকে মিলিত হতে পারবে।
- (চ) মৎস্য অধিদপ্তর এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন

উপসচিব

ফোন: ৯৫১১০৮১

email: ca\_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd